# নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

নোয়াখালী-৩৮১৪

নোবিপ্রবি/রেজি/সং-শা/কনি/১১৬/২০২৩/৮৫৮২ ২৮ মার্চ ২০২৩

## নিয়োগ বিজ্ঞপ্তি (সংশোধিত)

**নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের নিম্নোক্ত স্থায়ী ও শুন্যপদের বিপরীতে কর্মকর্তা ও কর্মচারী পদ পূরণের লক্ষ্যে বর্ণিত যোগ্যতাসম্পন্ন বাংলাদেশের নাগরিকদের নিকট হতে এই বিশ্ববিদ্যালয়ের নির্দিষ্ট ফরমে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে:**

| ক্রমিক | পদের নাম, বেতন স্কেল (জাতীয় বেতন স্কেল ২০১৫) | পদের সংখ্যা | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা |
|---|---|---|---|
| ০১ | রেজিস্ট্রার<br>(গ্রেড-০৩, স্কেল ৫৬,৫০০-৭৪,৪০০) | ০১টি | **শিক্ষাগত যোগ্যতা ঃ** প্রার্থীকে বাংলাদেশের অথবা বিদেশের কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে স্নাতকোত্তর ডিগ্রির অধিকারী হতে হবে। স্নাতক ও স্নাতকোত্তর পর্যায়ে ন্যূনপক্ষে দ্বিতীয় শ্রেণী/জিপিএ-২.৭৫ থাকতে হবে। এসএসসি ও এইচএসসি উভয় ক্ষেত্রে দ্বিতীয় বিভাগ/জিপিএ-২.৭৫ থাকতে হবে। স্নাতক ও স্নাতকোত্তর ডিগ্রি পর্যায়ের যে কোন একটিতে প্রথম শ্রেণী/সমমানের গ্রেড প্রাপ্তদের এবং পিএইচডি ডিগ্রিধারীদের অগ্রাধিকার দেয়া হবে।<br>**অভিজ্ঞতা ঃ** সরকারী/স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে/বিশ্ববিদ্যালয়ে শিক্ষা/প্রশাসন সংক্রান্ত কাজে ১ম শ্রেণী কর্মকর্তা হিসেবে অর্থাৎ ৯ম গ্রেড হতে কমপক্ষে ১৫ বছরের অভিজ্ঞতা, তন্মধ্যে সরকারী/স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে/বিশ্ববিদ্যালয়ে ডেপুটি রেজিস্ট্রার/সমমর্যাদাসম্পন্ন পদে ৫ বছরের অভিজ্ঞতা থাকতে হবে। বয়স ন্যূনতম ৪৫ বছর। |
| ০২ | গ্রন্থাগারিক<br>(গ্রেড-০৩, স্কেল ৫৬,৫০০-৭৪,৪০০) | ০১টি | **শিক্ষাগত যোগ্যতা:** প্রার্থীকে বাংলাদেশের অথবা বিদেশের কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে লাইব্রেরী সায়েন্সে স্নাতকোত্তর ডিগ্রির অধিকারী হতে হবে। স্নাতক ও স্নাতকোত্তর পর্যায়ে দ্বিতীয় শ্রেণী/জিপিএ-২.৭৫ থাকতে হবে। এসএসসি ও এইচএসসি উভয় ক্ষেত্রে দ্বিতীয় বিভাগ/জিপিএ-২.৭৫ থাকতে হবে। স্নাতক ও স্নাতকোত্তর পর্যায়ে যে কোন একটিতে প্রথম শ্রেণী/সমমানের গ্রেড এবং পিএইচডি (Library Science) ডিগ্রিধারীদের অগ্রাধিকার দেয়া হবে।<br>**অভিজ্ঞতা ঃ** কোন সরকারী/স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান/বিশ্ববিদ্যালয়ে লাইব্রেরীতে ১ম শ্রেণী কর্মকর্তা হিসেবে অর্থাৎ ৯ম গ্রেড হতে ১৫ বছরের অভিজ্ঞতা, তন্মধ্যে ডেপুটি লাইব্রেরীয়ান পদে ৫ বছরের অভিজ্ঞতা থাকতে হবে। বয়স ন্যূনতম ৪৫ বছর। |
| ০৩ | পরিচালক (হিসাব)<br>(গ্রেড-০৩, স্কেল ৫৬,৫০০-৭৪,৪০০) | ০১টি | **শিক্ষাগত যোগ্যতা ঃ** প্রার্থীকে বাংলাদেশের অথবা বিদেশের কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে বিবিএ সহ এমবিএ/৩-৪ বছর মেয়াদী বিকম অনার্সসহ এমকম/পাস কোর্সে বিকমসহ এমকম ডিগ্রির অধিকারী হতে হবে। স্নাতক ও স্নাতকোত্তর পর্যায়ে দ্বিতীয় শ্রেণী/জিপিএ-২.৭৫ থাকতে হবে। এসএসসি ও এইচএসসি উভয় ক্ষেত্রে দ্বিতীয় বিভাগ/জিপিএ-২.৭৫ থাকতে হবে। সিএ/আইসিএমএ এবং স্নাতক ও স্নাতকোত্তর ডিগ্রি পর্যায়ের যে কোন একটিতে প্রথম শ্রেণী/সমমানের গ্রেড প্রাপ্তদের এবং পিএইচডি ডিগ্রিধারীদের অগ্রাধিকার দেয়া হবে।<br>**অভিজ্ঞতা ঃ** অর্থ/হিসাব/বাজেট ও সংশ্লিষ্ট অন্যান্য কাজে সরকারী/স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে/বিশ্ববিদ্যালয়ে ১ম শ্রেণী কর্মকর্তা হিসেবে অর্থাৎ ৯ম গ্রেড হতে কমপক্ষে ১৫ বছরের অভিজ্ঞতা থাকতে হবে তন্মধ্যে কোন বিশ্ববিদ্যালয়ে ডেপুটি কম্পট্রোলার/ডেপুটি ডাইরেক্টর/উপ পরিচালক, অর্থ ও হিসাব, বা সমপর্যায়ে (হিসাব সংক্রান্ত) পদে কমপক্ষে ৫ বছরের অভিজ্ঞতা অবশ্যই থাকতে হবে। বয়স ন্যূনতম ৪৫ বছর। |
| ০৪ | পরিচালক<br>(পরিকল্পনা, উন্নয়ন ও ওয়ার্কস)<br>(গ্রেড-০৩, স্কেল ৫৬,৫০০-৭৪,৪০০) | ০১টি | **শিক্ষাগত যোগ্যতা ঃ** প্রার্থীকে বাংলাদেশের অথবা বিদেশের কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে অর্থনীতি/কৃষি অর্থনীতি/ব্যবসা প্রশাসন/সমাজ বিজ্ঞান/পরিসংখ্যান বিষয়ে স্নাতকোত্তর ডিগ্রি অথবা প্রকৌশল বিষয়ে স্নাতক ডিগ্রিধারী হতে হবে। স্নাতক ও স্নাতকোত্তর পর্যায়ে দ্বিতীয় শ্রেণী/জিপিএ-২.৭৫ থাকতে হবে। এসএসসি ও এইচএসসি উভয় ক্ষেত্রে দ্বিতীয় বিভাগ/জিপিএ-২.৭৫ থাকতে হবে।<br>স্নাতক ও স্নাতকোত্তর ডিগ্রি পর্যায়ে যে কোন একটিতে প্রথম শ্রেণী/সমমানের গ্রেড প্রাপ্ত, পিএইচডি ডিগ্রিধারী এবং প্রকল্প প্রণয়ন ও প্ল্যানিং এর উপর প্রশিক্ষণ প্রাপ্তদের অগ্রাধিকার দেয়া হবে।<br>**অভিজ্ঞতা ঃ** প্রকল্প প্রণয়ন, পরিকল্পনা ও উন্নয়ন সংক্রান্ত কাজে সরকারী/স্বায়ত্তশাসিত/বিশ্ববিদ্যালয়ে ১ম শ্রেণী কর্মকর্তা হিসেবে অর্থাৎ ৯ম গ্রেড হতে কমপক্ষে ১৫ বছরের অভিজ্ঞতা তন্মধ্যে কোন বিশ্ববিদ্যালয়ে উপ-পরিচালক, পরিকল্পনা ও উন্নয়ন হিসেবে ৫ বছরের অভিজ্ঞতা/সুপারিনটেনডেন্ট ইঞ্জিনিয়ার হিসেবে ৩ বছরের অভিজ্ঞতা থাকতে হবে। বয়স ন্যূনতম ৪৫ বছর। |
| ০৫ | পরীক্ষা নিয়ন্ত্রক<br>(গ্রেড-০৩, স্কেল ৫৬,৫০০-৭৪,৪০০) | ০১টি | **শিক্ষাগত যোগ্যতা ঃ** প্রার্থীকে বাংলাদেশের অথবা বিদেশের কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে স্নাতকোত্তর ডিগ্রির অধিকারী হতে হবে। স্নাতক ও স্নাতকোত্তর পর্যায়ে দ্বিতীয় শ্রেণী/জিপিএ-২.৭৫ থাকতে হবে। এসএসসি ও এইচএসসি উভয় ক্ষেত্রে দ্বিতীয় বিভাগ/জিপিএ-২.৭৫ থাকতে হবে। স্নাতক ও স্নাতকোত্তর ডিগ্রি পর্যায়ের যে কোন একটিতে প্রথম শ্রেণী/সমমানের গ্রেড প্রাপ্তদের এবং পিএইচডি ডিগ্রিধারীদের অগ্রাধিকার দেয়া হবে।<br>**অভিজ্ঞতা ঃ** কোন সরকারী/স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান/বিশ্ববিদ্যালয়ে পরীক্ষা সংক্রান্ত কাজে ১ম শ্রেণী কর্মকর্তা হিসেবে অর্থাৎ ৯ম গ্রেড হতে কমপক্ষে ১৫ বছরের অভিজ্ঞতা। সরকারী/স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান/বিশ্ববিদ্যালয়ে উপ-পরীক্ষা নিয়ন্ত্রক/সমমর্যাদাসম্পন্ন পদে পরীক্ষা সংক্রান্ত কাজে ৫ বছরের অভিজ্ঞতা থাকতে হবে। বয়স ন্যূনতম ৪৫ বছর। |
| ০৬ | প্রধান প্রকৌশলী<br>(গ্রেড-০৩, স্কেল ৫৬,৫০০-৭৪,৪০০) | ০১টি | **শিক্ষাগত যোগ্যতা:** স্বীকৃত কোন বিশ্ববিদ্যালয়/প্রতিষ্ঠান থেকে দ্বিতীয় শ্রেণী/জিপিএ ২.৭৫সহ বিএসসি ইঞ্জিনিয়ারিং-এ ডিগ্রি। প্রথম শ্রেণী/জিপিএ-৩.০ প্রাপ্ত ডিগ্রিধারী/এমএস ডিগ্রি বা দীর্ঘমেয়াদী উচ্চতর প্রশিক্ষণপ্রাপ্ত প্রার্থীদের অগ্রাধিকার দেয়া হবে। এসএসসি ও এইচএসসিতে কমপক্ষে দ্বিতীয় শ্রেণী/জিপিএ ২.৭৫ থাকতে হবে।<br>**অভিজ্ঞতা ঃ** কোন সরকারী/স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান/বিশ্ববিদ্যালয়ে সহকারী প্রকৌশলী হিসেবে ১ম শ্রেণী কর্মকর্তা হিসেবে অর্থাৎ ৯ম গ্রেড হতে কমপক্ষে ১৫ বছরের অভিজ্ঞতা। সরকারী/স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান/বিশ্ববিদ্যালয়ে তত্বাবধায়ক প্রকৌশলী পদে ৫ বছরের অভিজ্ঞতা থাকতে হবে। বয়স ন্যূনতম ৪৫ বছর। |
| ০৭ | সিনিয়র মেডিকেল অফিসার<br>(গ্রেড-৬ষ্ঠ, স্কেল ৩৫,৫০০-৬৭,০১০)<br>মেডিকেল সেন্টার | ০১টি | **সিনিয়র মেডিকেল অফিসার:**<br>**শিক্ষাগত যোগ্যতা:** এমবিবিএস ডিগ্রিসহ পোস্ট গ্র্যাজুয়েট ডিগ্রি/ডিপ্লোমা থাকতে হবে। এফসিপিএস/এমএস/এমডি (মেডিসিন/সার্জারি) ডিগ্রিধারীদের অগ্রাধিকার দেয়া হবে।<br>**অভিজ্ঞতা:** ক. পোস্ট গ্র্যাজুয়েট ডিগ্রি/ডিপ্লোমা থাকলে ইন্টার্নিশিপ সম্পন্ন করার পর মেডিকেল অফিসার হিসেবে সরকারী/স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে/বিশ্ববিদ্যালয়ে ৫ বছরের অভিজ্ঞতা থাকতে হবে।<br>খ. এমবিবিএস ডিগ্রি। ইন্টার্নিশিপ শেষ করার পর মেডিকেল অফিসার হিসেবে ৫ বছরের অভিজ্ঞতা থাকতে হবে।<br>গ. বিএমডিসি রেজিস্ট্রেশন থাকতে হবে।<br>**বি.দ্র.: সিনিয়র মেডিকেল অফিসার পদে প্রার্থী পাওয়া না গেলে মেডিকেল অফিসার পদে নিয়োগ দেয়া হবে।**<br>**মেডিকেল অফিসার পদের যোগ্যতা (গ্রেড-৯ম, স্কেল ২২,০০০-৫৩,০৬০):**<br>**শিক্ষাগত যোগ্যতা:** এমবিবিএস ডিগ্রি থাকতে হবে। পোস্ট গ্র্যাজুয়েট ডিগ্রিধারীদের অগ্রাধিকার দেয়া হবে। বিএমডিসি রেজিস্ট্রেশন থাকতে হবে। |
| ০৮ | সহকারী কম্পিউটার প্রোগ্রামার/সহকারী প্রোগ্রামার<br>(গ্রেড-৯ম, স্কেল ২২,০০০-৫৩,০৬০)<br>কেন্দ্রিয় লাইব্রেরী-০১টি, পরীক্ষা নিয়ন্ত্রক দফতর-০১টি এবং আইআইএস-০১টি | ০৩টি | **শিক্ষাগত যোগ্যতা:** (১) স্বীকৃত কোন বিশ্ববিদ্যালয় হতে কম্পিউটার বিজ্ঞান/কম্পিউটার বিজ্ঞান ও প্রকৌশল/ইনফরমেশন টেকনোলজি/ইনফরমেশন টেকনোলজি/ইনফরমেশন এন্ড কমিউনিকেশন টেকনোলজি/ইনফরমেশন এন্ড কমিউনিকেশন ইঞ্জিনিয়ারি/সফটওয়্যার ইঞ্জিনিয়ারিং/কম্পিউটার সাইন্স ও সফটওয়্যার ইঞ্জিনিয়ারিং/কম্পিউটার সাইন্স ও টেলিকমিউনিকেশন ইঞ্জিনিয়ারি বিষয়ে স্নাতক (সম্মান) ডিগ্রি। শিক্ষা জীবনের স্নাতক (সম্মান) পর্যায়ের প্রথম শ্রেণী অথবা জিপিএ ৩.০০ থাকতে হবে। (২) এসএসসি ও এইচএসসি পর্যায়ে পরীক্ষাসমূহে কমপক্ষে জিপিএ ৪.০০ থাকতে হবে। (৩) Structured Programming অথবা Object Oriented Programming Language এ প্রশিক্ষণ ও দক্ষতা থাকতে হবে। (৪) স্ট্যান্ডার্ড অ্যাপটিচুট টেস্টে উত্তীর্ণ হতে হবে।<br>(৫) MYSQL/PHP এবং LINUX, WINDOWS NT পরিবেশে কাজ করার অভিজ্ঞতা থাকা প্রার্থীদের অগ্রাধিকার দেয়া হবে। বয়সসীমা অনূর্ধ্ব ৩০ বছর। |
| ০৯ | প্রকাশনা ও তথ্য অফিসার<br>(গ্রেড-৯ম, স্কেল ২২,০০০-৫৩,০৬০)<br>জনসংযোগ ও প্রকাশনা দফতর | ০১টি | **শিক্ষাগত যোগ্যতা:** যে কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে স্নাতক (সম্মান) সহ স্নাতকোত্তর/স্নাতক ও স্নাতকোত্তর ডিগ্রির অধিকারী হতে হবে। শিক্ষা জীবনের স্নাতক (সম্মান) ও স্নাতকোত্তর পর্যায়ের যে কোন একটিতে প্রথম শ্রেণী অথবা জিপিএ ৩.০০ থাকতে হবে। এসএসসি ও এইচএসসি পর্যায়ে প্রথম শ্রেণী অথবা জিপিএ ৩.৫ থাকতে হবে।<br>অভিজ্ঞতা: দেশের স্বনামধন্য জাতীয় পত্রিকা/প্রতিষ্ঠান/সাংবাদিকতা/প্রকাশনা/তথ্য অফিসার হিসেবে ০৫ বছর বাস্তবিক অভিজ্ঞতা থাকতে হবে। কম্পিউটার (MS Word, MS Execl, Power Point, Adobe Photoshop, Illustrator) পরিচালনায় দক্ষ হতে হবে। গণযোগাযোগ ও সাংবাদিকতা ডিগ্রিধারীদের অগ্রাধিকার দেয়া হবে। বয়সসীমা অনূর্ধ্ব ৩০ বছর। |
| ১০ | পরিবহন কর্মকর্তা<br>(গ্রেড-৯ম, স্কেল ২২,০০০-৫৩,০৬০)<br>পরিবহন পুল, রেজিস্ট্রার দফতর | ০১টি | **শিক্ষাগত যোগ্যতা:** মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং এ স্নাতক (সম্মান) ডিগ্রি। প্রথম শ্রেণী/জিপিএ ৩.০০ প্রাপ্ত স্নাতক অথবা সংশ্লিষ্ট বিষয়ে এমএস ডিগ্রি। দীর্ঘমেয়াদী প্রশিক্ষণপ্রাপ্ত প্রার্থীদের অগ্রাধিকার দেয়া হবে। এসএসসি ও এইচএসসিতে কমপক্ষে জিপিএ ৩.৫০ থাকতে হবে। অথবা পাওয়ার অটোমোবাইল ইঞ্জিনিয়ারিং এ দ্বিতীয় শ্রেণী/জিপিএ ৩.০০ প্রাপ্ত ডিপ্লোমা ডিগ্রি এবং সরকারী/স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে/বিশ্ববিদ্যালয়ে উপ-সহকারী প্রকৌশলী/সমমানের পদে অটোমোবাইল ইঞ্জিনিয়ারিং কাজে কমপক্ষে ৫ বছরের অভিজ্ঞতা থাকতে হবে। |

| | | | |
|---|---|---|---|
| ১১ | আইন কর্মকর্তা<br>(গ্রেড-৯ম, স্কেল ২২,০০০-৫৩,০৬০)<br>আইন শাখা | ০১টি | **শিক্ষাগত যোগ্যতা:** যে কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে আইন বিষয়ে স্নাতক (সম্মান) সহ স্নাতকোত্তর ডিগ্রির অধিকারী হতে হবে। শিক্ষা জীবনের স্নাতক (সম্মান) ও স্নাতক পর্যায়ের যে কোন একটিতে প্রথম শ্রেণী অথবা জিপিএ ৩.০০ থাকতে হবে। এসএসসি ও এইচএসসি পর্যায়ে প্রথম শ্রেণী অথবা জিপিএ ৪.০০ থাকতে হবে।<br>**আবশ্যিক যোগ্যতা ও অভিজ্ঞতা:** বাংলাদেশ বার কাউন্সিলের সনদ অবশ্যই থাকতে হবে। সুপ্রতিষ্ঠিত কোন প্রতিষ্ঠানের সাথে আইন সংক্রান্ত কাজে কমপক্ষে ০২ বছরের বাস্তবিক অভিজ্ঞতা থাকতে হবে। বয়সসীমা অনূর্ধ্ব ৩২ বছর। |
| ১২ | ল্যাব ইনস্ট্রাক্টর<br>(গ্রেড-১০ম, স্কেল: ১৬,০০০-৩৮,৬৪০)<br>ফার্মেসি-০১, এফটিএনএস-০১,<br>ইএসডিএম-০১, বিজিই-০১ এবং<br>বিএমবি-০১ | ০৫টি | **শিক্ষাগত যোগ্যতা:** বিজ্ঞান/ইঞ্জিনিয়ারিং বিষয়ে ৪ বছরের ডিপ্লোমা ডিগ্রিধারীদের জিপিএ-৩.২৫ সহ ০৩ বছরের অভিজ্ঞতা থাকতে হবে।<br>অথবা সংশ্লিষ্ট বিষয়ে অনার্স (সম্মান) ডিগ্রিধারীদের অগ্রাধিকার দেয়া হবে। অনার্স (সম্মান) তে কমপক্ষে জিপিএ ৩.০০ থাকতে হবে। এসএসসি/এইচএসসি উভয়টিতে কমপক্ষে প্রথম বিভাগ অথবা জিপিএ ৩.৫০ থাকতে হবে।<br>**অভিজ্ঞতা:** ল্যাব পরিচালনায় অভিজ্ঞ প্রার্থীদের অগ্রাধিকার দেয়া হবে। বয়সসীমা অনূর্ধ্ব ৩০ বছর। |
| ১৩ | ল্যাব টেকনিশিয়ান<br>(গ্রেড-১১তম, স্কেল: ১২,৫০০-৩০,২৩০)<br>১. আইসিই বিভাগ-০১টি।<br>২. ইইই বিভাগ-০১টি<br>৩. কৃষি বিভাগ-০১টি | ০৩টি | **শিক্ষাগত যোগ্যতা:** ০১. কমপক্ষে পাঁচ বছরের কাজের অভিজ্ঞতাসহ বিএসসি পাশ।<br>০২. সংশ্লিষ্ট ল্যাবরেটরীতে প্রশিক্ষণপ্রাপ্ত ও অভিজ্ঞ প্রার্থীদের বেলায় শিক্ষাগত যোগ্যতা/বয়স শিথিল করা যেতে পারে।<br>০৩. এসএসসি ও এইচএসসিতে দ্বিতীয় বিভাগ/জিপিএ ২.৭৫ থাকতে হবে।<br>**অভিজ্ঞতা:** সংশ্লিষ্ট ল্যাবের কাজের অভিজ্ঞ প্রার্থীদের অগ্রাধিকার দেয়া হবে।<br>**সংশ্লিষ্ট বিষয়ে বিএসসি অনার্স (সম্মান) ডিগ্রিধারী প্রার্থীগণ সরাসরি আবেদন করতে পারবেন।** |
| ১৪ | মালি (গার্ডেনার)<br>(গ্রেড-২০তম, স্কেল: ৮,২৫০-২০,০১০) | ০২টি | **শিক্ষাগত যোগ্যতাঃ** অষ্টম শ্রেণী পাশ।<br>অভিজ্ঞতা: কোন খ্যাতিনামা নার্সারীতে বিভিন্ন প্রকার গাছের চারা তৈরিসহ গার্ডেনিং এ কমপক্ষে ২ বছরের অভিজ্ঞতা। |

**আবেদনের শর্তাবলী:**

১. কর্মকর্তা ও কর্মচারী পদে আগ্রহী প্রার্থীদেরকে বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট (www.nstu.edu.bd) থেকে নির্ধারিত আবেদন ফরম সংগ্রহ করে আবেদন করতে হবে।
২. উপরোক্ত কর্মকর্তা ও কর্মচারী পদে আগামী ১২ এপ্রিল ২০২৩ এর মধ্যে (অফিস চলাকালীন সময়) নিম্নস্বাক্ষরকারী বরাবর কর্মকর্তা (৫ম গ্রেড হতে ১০ম গ্রেড পর্যন্ত) পদে আবেদনকারীদেরকে ৭ সেট এবং কর্মচারী (১১তম গ্রেড এবং ২০তম গ্রেড) পদে আবেদনকারীদেরকে ৬ সেট আবেদন (জাতীয় পরিচয়পত্র, পাসপোর্ট সাইজ ২ কপি ছবি এবং শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতার সার্টিফিকেটের সত্যায়িত ফটোকপিসহ) A4 সাইজ খামে জমা দিতে হবে। উক্ত তারিখের পর কোন আবেদন গ্রহণ করা হবে না।
৩. প্রত্যেক প্রার্থীকে খামের উপর তাঁর নাম-ঠিকানা ও প্রার্থিত পদের নাম স্পষ্টাক্ষরে লিখতে হবে।
৪. অসম্পূর্ণ ও ত্রুটিপূর্ণ আবেদন বাতিল বলে গণ্য হবে। আবেদনকারীদেরকে নোবিপ্রবি আয় হিসাব নম্বর ০২০০০০৫৩২৬৫৮৪, অগ্রণী ব্যাংক লিমিটেড, নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় শাখা এর বিপরীতে (অফেরতযোগ্য) গ্রেড-৩য় পদের জন্য ১২০০.০০ (এক হাজার দুইশত) টাকা, গ্রেড-৬ষ্ঠ হতে গ্রেড-১০ম পদের জন্য ৮০০.০০ (আটশত) টাকা, গ্রেড-১১তম পদের জন্য ৫০০.০০ (পাঁচশত) টাকা এবং গ্রেড-২০তম পদের জন্য ৩০০.০০ (তিনশত) টাকা অনলাইনে জমা প্রদান পূর্বক মূল রশিদ আবেদনের সাথে সংযুক্ত করে রশিদের ক্রমিক নম্বর আবেদনে উল্লেখ করতে হবে।
৫. নোবিপ্রবি/রেজি/সং-শা/কনি/১০৪/২০২১/৬৫৭৩, তারিখ: ৩০ নভেম্বর ২০২১ (পত্রিকায় প্রকাশের তারিখ: ০১ ডিসেম্বর ২০২১) স্মারকে প্রকাশিত বিজ্ঞপ্তিতে ক্রমিক ০১-০৫ পর্যন্ত যারা যে পদে আবেদন করেছেন, তাদেরকে পুনরায় আবেদন করার প্রয়োজন নেই।
৬. অভ্যন্তরীণ প্রার্থীদের ক্ষেত্রে শর্ত শিথিল করা যেতে পারে।
৭. অভ্যন্তরীণ প্রার্থীদের ক্ষেত্রে পূর্বেকার চাকরি গননা করে নোবিপ্রবি'র চাকরি গননা সংশ্লিষ্ট কমিটি কর্তৃক অনুমোদনের কপি আবেদনের সময় জমা দিতে হবে।
৮. গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের জনপ্রশাসন মন্ত্রণালয়ের নং-০৫.০০.০০০০.১৭০.১১.০১৭.২০.১৪৯, তারিখ: ২২ সেপ্টেম্বর ২০২২ স্মারকে প্রকাশিত বিজ্ঞপ্তি অনুযায়ী বয়সসীমা নির্ধারণ করা হবে।
৯. কোন পদে নিয়োগ পেতে ইচ্ছুক ব্যক্তির বয়স উক্ত পদে নিয়োগদানের জন্য প্রচারিত বিজ্ঞপ্তিতে বর্ণিত বয়স সীমার মধ্যে হতে হবে।
১০. নিয়োগের ক্ষেত্রে যে কোন পরীক্ষায় ৩য় শ্রেণী গ্রহণযোগ্য নয়।
১১. প্রার্থীকে অবশ্যই বাংলাদেশের স্থায়ী নাগরিক হতে হবে। দ্বৈত নাগরিকত্ব গ্রহণযোগ্য নয়।
১২. চাকরিরত প্রার্থীগণকে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে। আবেদনকারীর আবেদনপত্র সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের প্রধান কর্তৃক অগ্রায়িত হবে হবে। এ ক্ষেত্রে আবেদনকারীর মূল আবেদনে সংশ্লিষ্ট প্রতিষ্ঠান কর্তৃক স্বাক্ষর ও সিল সমেত Forwarded বা অগ্রায়িত শব্দটি লেখা থাকলে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন বলে বিবেচিত হবে।
১৩. মুক্তিযোদ্ধা প্রার্থীদের ক্ষেত্রে সরকারী নীতিমালা অনুসরণ করা হবে।
১৪. আবেদনকারীকে আবেদন পত্রে অবশ্যই শিক্ষাগত যোগ্যতার সকল সার্টিফিকেট ও ডিগ্রি উল্লেখ করতে হবে। কোন তথ্য গোপন করলে বা উল্লেখ না করে ভবিষ্যতে তার পরীক্ষা পাশের সার্টিফিকেট নথিতে সংযুক্ত করা হবে না এবং প্রার্থীর তথ্য গোপনের কারণে আবেদনপত্র বাতিলসহ যথাযথ আইনগত ব্যবস্থা নেওয়া হবে।
১৫. অনুমোদিত পদ থাকা সাপেক্ষে বিজ্ঞাপিত পদের সংখ্যা হ্রাস/বৃদ্ধি হতে পারে।
১৬. নিয়োগ সংক্রান্ত কর্তৃপক্ষীয় সিদ্ধান্ত চূড়ান্ত বলে বিবেচিত হবে।
১৭. প্রযোজ্য ক্ষেত্রে লিখিত, মৌখিক ও ব্যবহারিক পরীক্ষায় অংশগ্রহণের জন্যে প্রার্থীকে কোন টিএ/ডিএ প্রদান করা হবে না।
১৮. বর্ণিত পদে নিয়োগের ক্ষেত্রে নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের নিয়োগ বিধি এবং প্রযোজ্য অন্যান্য সরকারী নিয়ম ও আনুষ্ঠানিকতা অনুসরণ করা হবে।

*স্বাক্ষরিত*
**ড. মুহাম্মদ আলমগীর সরকার**
রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত)
নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়